# অক্টোবর ২০২১ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৮.১০.২০২১ খ্রি.

সময় ঃ বেলাঃ ১০.৩০ মিনিট

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' ও 'খ' এবং এডিপি প্রকল্পের অগ্রাধিকার তালিকাঃ পরিশিষ্ট 'গ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, আগামী ২৮ নভেম্বর ২০২১ তারিখে ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। সে অর্থে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের এটি শেষ মিটিং। তিনি সবাইকে শুভকামনা জানান। জাইকা প্রকল্পের আওতায় যে প্রকল্পগুলোর কাজ এখনও সম্পন্ন হয়নি সেগুলো দ্রুত শেষ করার জন্য তিনি সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ জানান। মার্চ ২০২২ এর মধ্যে অবশ্যই কাজ শেষ করতে হবে। কোনভাবেই বরাদ্দকৃত অর্থ ফেরত দেয়া যাবে না। তিনি বলেন আমরা সকলের সহযোগিতায় বিরামপুরের উন্নয়ন চাই। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

সেপ্টেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সেপ্টেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে সেপ্টেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিভাগীয় আলোচনা**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, আমনের ভরা মৌসুম চলছে। আগামী সপ্তাহে কাটামারা শুরু হবে। ফসল ভাল হয়েছে। কৃষি পুনর্বাসনের আওতায় প্রণোদনা এসেছে। আবাদী জমির উপর ভিত্তি করে প্রণোদনা প্রদান করা হবে। গম-২৪০ বিঘা, ভূট্টা-৬৩০ বিঘা, সরিষা-১,১৫০ বিঘা, সূর্যমুখী-৩০, পিয়াজ-৩০ ও মুগডাল-১৪০ বিঘা সর্বমোট=২,২২০ বিঘা। অঞ্চলভেদে ফসলের উপর নির্ভর করে ইউনিয়নওয়ারী ভাগ করা হয়েছে। প্রণোদন পাওয়ারযোগ্য কৃষকের তালিকা ইউনিয়ন পরিষদ থেকে উপজেলা কমিটিতে পাঠাতে হবে। উপজেলা কমিটির অনুমোদন সাপেক্ষে প্রণোদনা প্রদান করা হবে। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনের কারণে এ পদ্ধতি অনুসরণ করা হচ্ছে। বিরামপুর উপজেলায় কৃষকের সংখ্যা ৩৫,০০০ জন। কিন্তু প্রণোদনা পাচ্ছেন ২,২২০ জন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার সঠিকভাবে প্রকৃত কৃষক নির্বাচন করে তালিকা প্রদানের জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. প্রণোদন পাওয়ারযোগ্য প্রকৃত কৃষকের তালিকা উপজেলা কমিটিতে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩. উপজেলা কমিটিকে প্রকৃত কৃষক নির্বাচন করে প্রণাদনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর।<br><br>২. চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ।<br><br>৩. উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা কমিটি, বিরামপুর। |
| আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরের চিকিৎসা কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, বর্তমানে করোনা রোগী নেই। তবে করোনার Test চলছে। ২৮.১০.২০২১ পর্যন্ত গত এক মাসে ৪০০ জনের মধ্যে ০১(এক) জন রোগী পাওয়া গেছে। তবে তিনি সুস্থ্য আছেন। তিনি স্বাস্থ্যবিধি মেনে চলা প্রয়োজন মর্মে সভায় উল্লেখ করেন। কারণ এখন অনেকটাই ঢিলেঢালা ভাবে লোকজন স্বাস্থ্যবিধি মানছেন। বিরামপুর পাইলট উচ্চ বিদ্যালয়ে অস্থায়ী টিকাদান কেন্দ্র করা হয়েছিল। কিন্তু বিদ্যালয়ে ক্লাস শুরু হওয়ায় সেখানে টিকাদান কর্মসূচি চালানো সমস্যা হচ্ছে। তিনি শেখ রাসেল মিনি স্টেডিয়ামে সামিয়ানা টানিয়ে অস্থায়ী টিকাদান কেন্দ্র স্থানান্তর করার প্রস্তাব করেন। ২৮.১০.২০২১ তারিখ থেকে ২য় ডোজ টিকা দেয়া শুরু হয়েছে। বিরামপুরবাসী স্বতঃস্ফুর্তভাবে টিকা নিচ্ছে। ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের ফাইজারের টিকা দেয়া হবে। বর্তমানে রাশিয়া ও আমেরিকায় সর্বোচ্চ সংখ্যক মানুষ করোনায় আক্রান্ত হয়েছে। সে কারণে তিনি প্রত্যেককে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য পুনরায় অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. বিরামপুর পাইলট উচ্চ বিদ্যালয়ে স্থাপিত টিকাদান কেন্দ্রটি শেখ রাসেল মিনি স্টেডিয়ামে স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।<br><br>২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সদ্য পদোন্নতি পাওয়ায় সবার পক্ষ থেকে তাকে অভিনন্দন এবং ফুলেল শুভেচ্ছা জানান হয়। সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর সবাইকে এ আয়োজনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত গবাদি পশুর ও হাঁস-মুরগীর মারাত্মক ধরণের কোন রোগের প্রাদুর্ভাব নেই। তিনি আরও জানান যে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য ব্যাগ এসেছে আনুষ্ঠানিকভাবে বিতরণের নির্দেশনা রয়েছে। মন্ত্রণালয় থেকে ভেড়া প্রদান করা হবে মর্মে জানিয়ে তিনি বলেন যে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ৩৭৫ জনের তালিকা চাওয়া হয়েছে। তিনি আরও জানান যে, গত এক মাসে ১,৭১১টি গবাদি পশুর, ৯,৭৪০টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন ৪৭০ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৪৮টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১,৩৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়েছে ৫১০০০ মাত্রা। এ ছাড়াও ১১৮ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ২টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. নির্দেশনা মোতাবেক আনুষ্ঠানিকভাবে ব্যাগ বিতরণের এবং প্রকৃত অর্থে প্রাপ্যতা রয়েছে এমন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তালিকা প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর।<br><br>২. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মৎস্য খাদ্যের ৩টি লাইসেন্স দেয়ার টার্গেট রয়েছ তবে এ উপজেলায় ৬টি দোকান রয়েছে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সরেজমিন জরিপ করে তালিকা দাখিলের জন্য এবং একই সাথে গো-খাদ্য, সার এবং মৎস্য খাদ্য বিক্রয় করা যাবে না মর্মে জানিয়ে দেয়ার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুরকে তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সরেজমিন জরিপ করে তালিকা দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. একই সাথে গো-খাদ্য, সার এবং মৎস্য খাদ্য বিক্রয় না করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুরকে তিনি অনুরোধ করা হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর<br>২. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর<br>৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বিরামপুরের প্রতিনিধি ডিজিএম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে সোলার পাম্প রংপুর ও দিনাজপুরে পরীক্ষামূলকভাবে চলছে। ট্রান্সফারমার চুরি বেশী হচ্ছে। এ বিষয়ে তিনি অফিসার ইনচার্জ, বিরামপুর থানার দৃষ্টি আকর্ষণ করেন। ট্রান্সফারমার চুরির বিষয়ে সচেতনতামূলক ব্যবস্থা দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ থেকে নেয়া হচ্ছে। উপজেলা পরিষদের কোয়ার্টার যমুনা-২ এর বিদ্যুৎ বিল অস্বাভাবিক বেশী হওয়ার বিষয়টি আলোচনা সভায় উপস্থাপন করা হয়। লোড বেশী হওয়ার কারণে শহরে বিদ্যুৎ বিতরণ ভাগ করা হয়েছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ বিল সরবরাহ করার জন্য দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা পরিষদের কোয়ার্টার যমুনা-২ এর বিদ্যুৎ বিল অস্বাভাবিক বেশী হওয়ার বিষয়টি খতিয়ে দেখার এবং সঠিক বিল প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>৩. নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর।<br>২. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর।<br>৩. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, UGDP-4 Tender অদ্য ২৮.১০.২০২১ তারিখ দুপুর ১২.০০ টায় e-gp তে Live এ আনা হয়। ১৭.১১.২০২১ তারিখে Tendar Open করা হবে। এ উপজেলার যে সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন রয়েছে উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে উক্ত জরাজীর্ণ ভবনের ছবি পাঠানোর জন্য তিনি অনুরোধ করেন। এতে করে নতুন ভবনের জন্য বরাদ্দ পাওয়া যাবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ কর্তৃক দাখিলকৃত অগ্রাধিকার তালিকা পরিশিষ্ট “গ” । | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুরের মাধ্যমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ ভবনের ছবি পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর ও উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১.সহকারী প্রকৌশলী BADC (সেচ),বিরামপুর।<br>২. সহকারী প্রকৌশলী BADC (সেচ),বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। আগামী ২৮ নভেম্বর ২০২১ ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। তিনি সবাইকে আচরণ বিধি মেনে চলার আহ্বান জানান। নির্বাচনী প্রচারনায় বিরামপুরকে তিনি মডেল হিসেবে দেখাতে চান। সে সাথে তিনি নিরপেক্ষ নির্বাচন করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সাম্প্রদায়িকতার বিষয়ে তিনি সবাইকে সতর্ক থাকার অনুরোধ জানান। প্রত্যন্ত অঞ্চলে বিদ্যুতের ট্রান্সফরমার চুরির বিষয়ে তিনি বলেন এটি অভিজ্ঞ লোকের কাজ। তিনি দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে অভিজ্ঞ ব্যক্তিদের বিষয়ে খোঁজ-খবর নেয়ার জন্য অনুরোধ করেন। গাছ কাটা নিয়েও বিশৃংখলার সৃষ্টি হয়েছে। এ ধরনের নিলাম হলে তিনি থানাকে অনুলিপি দেয়ার জন্য অনুরোধ করেন। পুলিশ বাহিনীতে লোক নিয়োগে কোন টাকা লাগবে না এ বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পৌরসভা এলাকায় শক্তিশালী সিসি ক্যামেরা স্থাপনের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাকে পুনরায় অনুরোধ করা হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| <u>আলোচনাঃ ১২</u><br><u>বিরামপুর থানা</u> | তিনি আরও জানান যে, থানা ভবনটি অনেক পুরাতন। স্বল্প মাত্রার ভূমিকম্পের জন্যও ঝুঁকিপূর্ণ। গ্যারেজ না থাকায় যানবাহন খোলা আকাশের নীচে থাকায় নষ্ট হচ্ছে। এছাড়াও পর্যাপ্ত টয়লেট না থাকায় সমস্যা হচ্ছে। তিনি গ্যারেজের জন্য টিন এবং টয়লেট নির্মাণের জন্য ২,০০,০০০/-(দুইলক্ষ) টাকা বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি বিরামপুর থানাকে মডেল থানা নির্মাণের, থানা গেট থেকে সিনিয়র সহকারী পুলিশ সুপারের কার্যালয় পর্যন্ত রাস্তাটি সিসিকরণের এবং রাস্তার মোড়ে মোড়ে সিসি ক্যামেরা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ জানান।<br>তিনি সংশ্লিষ্ট সবাইকে চোর ও মাদকসেবীদের তালিকা তার কাছে দেয়ার জন্য অনুরোধ জানান এবং এদের সমাজের মূল ধারায় ফিরে আনার জন্য মসজিদের ইমামগণকে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান। | ৩. চোর ও মাদকসেবীর নাম অফিসার ইনচার্জের নিকট দেয়ার এবং সমাজের মূল ধারায় ফিরে আনার জন্য মসজিদের ইমামগণকে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান হয়। | ৩. মেয়র, বিরামপুর পৌরসভা, চেয়ারম্যান (সকল) ইউপি, বিরামপুর এবং<br>ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন বিরামপুর। |
| <u>আলোচনাঃ ১৩</u><br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ও গতিশীল। তিনি আরও জনান যে, পরিদর্শন ও ফলোআপ কার্যক্রমসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। গত ১২.০৯.২০২১ খ্রি. তারিখ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত রুটিন অনুযায়ী এবং স্বাস্থ্যবিধি মেনে শিক্ষক ও শিক্ষার্থীগণের পাঠদান কার্যক্রম চলমান রয়েছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ শিক্ষার্থীদের নিয়ে কুইজ প্রতিযোগিতা করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। বিজয়ীদের তার পক্ষ থেকে শিক্ষার্থীদের পুরস্কৃত করা হবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পরিদর্শন ও ফলোআপ কার্যক্রমসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর।<br>২.উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| <u>আলোচনাঃ ১৪</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, মাধ্যমিক পর্যায়ে ১২.০৯.২০২১ খ্রি. তারিখ থেকে সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম চলছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এ্যাসাইনমেন্ট কার্যক্রম, শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইনে পাঠদান, শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান রয়েছে। পুরাতন পাঠ্যপুস্তক সরকারি নিলাম ডাকের ব্যবস্থাকরণ, জাইকার বেঞ্চ, ল্যাপটপ ও মাল্টিমিডিয়া (প্রেজেক্টর ও স্ক্রীন) সরবরাহ প্রকল্প গ্রহণ। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। ১২-১৮ বছরের শিক্ষার্থীদের টিকা গ্রহণের জন্য তালিকা প্রেরণ করা হবে। ৫-১৬ বছর বয়সী শিক্ষার্থীদের কৃমির ঔষধ দেয়া হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পরীক্ষা এবং এ্যাসাইনমেন্টসহ অন্যান্য কার্যক্রম নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়।<br>৩. ১২-১৮ বছরের শিক্ষার্থীদের টিকা গ্রহণের জন্য তালিকা প্রেরণ এবং ৫-১৬ বছর বয়সী শিক্ষার্থীদের কৃমির ঔষধ দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর।<br>২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার বিরামপুর।<br>৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার বিরামপুর। |
| <u>আলোচনাঃ ১৫</u><br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, সামাজিক নিরাপত্তার প্রেরল দেয়া হয়েছে খুব শীঘ্রই ভাতাভোগীরা ভাতা পেয়ে যাবেন। এবার খুব সতর্কতার সাথে মোবাইল নম্বর দেয়া হয়েছে। ৯০% সফল হয়েছে এবং ১০% সমস্যা রয়েছে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতা প্রয়োজন।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর ৩য় লিঙ্গের মানুষদের তালিকা করে ভাতার আওতায় আনার জন্য অনুরোধ করেন।<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর জানান যে, ৩য় লিঙ্গের বিষয়ে ইতোমধ্যে মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়েছে। তাদের ভোটার আইডি করার জন্য উপজেলা নির্বাচন অফিসার, বিরামপুরকে অনুরোধ করা হয়। প্রান্তিক পর্যায়ে যারা আছেন যেমন কামার, কুমার, মাহালী এমন ১২ শ্রেণির মানুষের তালিকা প্রস্তুত করা হয়েছে। তিনি আরও জানান যে, রোগী কল্যাণ খাতে ৩০,০০০/- (ত্রিশহাজার) টাকা ছিল ৩ জন রোগীর মধ্যে বিতরণ করা হয়েছে। একটি কন্যা শিশুকে | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ইউনিয়ন পর্যায়ে ভাতাভোগী নির্বাচন কমিটিকে সচল করা এবং ইউনিয়ন কমিটির সভা উপজেলা পরিষদ অডিটরিয়ামে একসাথে করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. শতভাগ তালিকা নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ।<br>৩. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৫<br>উপজেলা সমাজসেবা দপ্তর | শিশু নিবাসে প্রেরণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। তিনি আরও জানান যে, ভাতা প্রাপ্তির জন্য ৬০০০ আবেদন পাওয়া গেছে কিন্তু প্রত্যয়ন পত্র পাওয়া যায়নি। প্রত্যয়ন পত্র প্রাপ্তি সাপেক্ষে আবেদনগুলো বিবেচনা করা হবে। যার বয়স ৬২ বছর তিনি বয়স্ক ভাতার আবেদন করলে বিধবা ভাতার উপর চাপ কম হতো এতে ঘাটতি সমন্বয় হতো। | ৪. আদিবাসী সম্প্রদায়ের নির্যাতিতা নারীর তথ্য যাচাই-বাছাই করে তালিকা পাঠানোর জন্য চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | ৪. চেয়ারম্যান খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর সভায় বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৯<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর ২ মাসের বুনিয়াদি প্রশিক্ষণে থাকায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর |
| আলোচনাঃ ২০<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। চলতি মাসে ০৩টি ব্যাচে মোট ৯০ (নব্বই) জন বেকার যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিনি আরও জানান আগামী ১ নভেম্বর ২০২১ জাতীয় যুব দিবস উদযাপন করা হবে। এবারের প্রতিপাদ্য " দক্ষ যুব সমৃদ্ধ দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ।" জাতীয় যুব দিবস ২০২১ সফলভাবে উদযাপনে সবার সহযোগিতা কামনা করা হয়। এ ছাড়াও তিনি আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০২১ এ রিটার্ণিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করায় সকলের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে ২,৪০,৯৬,০০০/- (দুই কোটি চল্লিশ লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,১৩,৪৮,৫২৫/-(দুই কোটি তের লক্ষ পাঁচশত পঁচিশ) টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ১,৯১,৮৮,৮৬৩/-(এক কোটি একানব্বই লক্ষ আটাশিহাজার আটশত তেষট্টি) টাকা এবং আদায় হার শতকরা ৯০%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০২১ এ সকলকে আচরণ বিধি মেনে চলার জন্য অনুরোধ করা হয়। ১৪.১১.২০২১ তারিখ থেকে এসএসসি পরীক্ষা ২০২১ শুরু হওয়ার কারণে মাইক ব্যবহারে সতর্কতা অবলম্বনের জন্যও অনুরোধ করা হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর<br>২. সংশ্লিষ্ট রিটার্ণিং অফিসার ও উপজেলা নির্বাচন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, পাইপের থিকনেস কম হওয়ায় টিউবওয়েল বসানো হয়নি। বুয়েটে টেস্ট করতে পাঠানো হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর |
| আলোচনাঃ ২৪<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৫<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। |
| আলোচনাঃ ২৬<br>বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২,০০,০০০ (দুইলক্ষ) গাছ লাগানো হয়েছে। অফিস সংলগ্ন পুকুরটি বাঁধাই করার জন্য তিনি মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ জানান। কারণ পুকুরটি ভেঙ্গে ভেঙ্গে বড় হওয়ায় পুকুর সংলগ্ন কালিবাড়ি ও এতিমখানাটি ঝুকিঁর মধ্যে রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. রেঞ্জ অফিস সংলগ্ন পুকুরটি বাঁধাই করার প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ করা হয়। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা। |
| আলোচনাঃ ২৭<br>উপজেলা নির্বাচন দপ্তর | জনাব মোঃ মেরাজ হোসেন, উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০২১ এর কার্যক্রম চলছে। এখন পর্যন্ত কোন চেয়ারম্যান প্রার্থী নমিনেশন পেপার দাখিল করেন নাই। আগামী ০২.১১.২০২১ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে। তিনি আরও জানান যে, বেনীপুকুর স্কুলের সামনে মাটি আছে। মাটি সড়াতে হবে। তানা হলে ভোট নিতে অসুবিধা হবে। হরেকৃষ্ণপুর কমিউনিটি ক্লিনিকে EVM এর প্রশিক্ষণ প্রদান করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০২১ এ সকলকে আচরণ বিধি মেনে চলার এবং ১৪.১১.২০২১ তারিখ থেকে এসএসসি পরীক্ষা ২০২১ শুরু হওয়ায় মাইক ব্যবহারে সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর।<br>২. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ২৯<br>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, এক কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার ৭৪%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা |
| আলোচনাঃ ৩০<br>দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ঋণ আদায়ের হার ৯৫%। | ১. ঋণ আদায়ে সরকারি নির্দেশনা মেনে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ৩১<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে,<br>১. গত ২৩-২৪ অক্টোবর ২০২১ তারিখে বগুড়া RDA-তে অনুষ্ঠিত বার্ষিক অগ্রগতি পর্যালোচনা কর্মশালায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের উপ-পরিচালক বলেন আগামীতে এখনকার মতো আর কোন মূল্যায়ন টীম উপজেলাতে গিয়ে দক্ষতা মূল্যায়ন করবে না, পুরো মূল্যায়ন প্রক্রিয়াটি হবে উপজেলার ওয়েব পোর্টাল দেখে। তাই উপজেলার প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট রাখতে হবে। এই বিষয়ে উপ-পরিচালক আরও বলেন উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা সহকারী প্রোগ্রামার এর মাধ্যমে তথ্য নিয়ে উপজেলায় অনুষ্ঠিত প্রতি মাসিক সভায় আলোচনা করে মতামত ও সিদ্ধান্ত জানাবেন।<br>২. ২০১৮-১৯ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পরে ১নং প্রকল্পটির বিল চলতি মাসে ঠিকাদারকে দেয়া হয়েছে। ২ ও ৩ নং প্রকল্পের কাজ এখন পর্যন্ত শেষ হয় নাই। উক্ত প্রকল্পগুলোর কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করে বিল প্রকল্প অফিসে পাঠাতে হবে।<br>৩. ২০১৯-২০ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে চলতি মাসেই টেন্ডার হবে।<br>৪. ২০১৯-২০ অর্থ বছরের সক্ষমতা উন্নয়ন প্রকল্পের সকল প্রশিক্ষণ সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট কোর্স কো-অর্ডিনেটরদের বিল-ভাউচার ও অন্যান্য ডকুমেন্টস প্রয়োজনীয় স্বাক্ষর নিশ্চিত করে আগামী সপ্তাহের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে জমা করতে বলা হয়। | ১. প্রতিটি দপ্তরের বিশেষ করে ১৭টি স্থায়ী কমিটির সদস্য-সচিবদের ওয়েব পোর্টাল হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করে বিল প্রকল্প অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. ২০১৯-২০ অর্থ বছরের অনুমোদিত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের টেন্ডার দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. প্রশিক্ষণের বিল ভাউচার জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সংশ্লিষ্ট দপ্তর প্রধান।<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br>৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br>৪. সংশ্লিষ্ট কোর্স কো-অর্ডিনেটর। |

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>৫. উপজেলা নির্বাহী অফিসার, গত মাসিক সভায় উপজেলার দপ্তর প্রধানদের তাদের প্রস্তাবনা ২৭.০৯.২০২১ তারিখের মধ্যে ইউডিএফ এর নিকট জমা দিতে বলা হলেও এখন পর্যন্ত কোন প্রস্তাবনা পাওয়া যায় নাই। আগস্ট ২০২১ মাসের মাসিক সভায় ২০২০-২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের জন্য যে প্রকল্পগুলি নেয়া হয়েছিল তা পরিবর্তন করে প্রকল্প বাছাই কমিটির সভার প্রস্তাবনা মোতাবেক ২০২০-২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের জন্য ৩ (তিন) টি প্রকল্প প্রস্তাব আজকের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ক্র. নং</th><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমান (ভ্যাট ও আয়কর ব্যতীত)</th></tr>
<tr><td>১</td><td>বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডিজিটাল এক্সরে মেশিন স্থাপন</td><td>২০ লক্ষ</td></tr>
<tr><td>২</td><td>মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণ</td><td>২০ লক্ষ</td></tr>
<tr><td>৩</td><td>মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ (উঁচু ও নীচু) বিতরণ</td><td>২০ লক্ষ</td></tr>
</table>
<br>৬. আগামী ৪ ও ৫ নভেম্বর ২০২১ বিরামপুর উপজেলায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অডিট কার্যক্রম চলবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়।</td><td>৫. ক. প্রকল্প প্রস্তাবনা দ্রুত দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. ২০২০-২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের প্রস্তাবিত ৩ (তিন) টি প্রকল্প অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৬. সংশিষ্ট দপ্তরকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।.</td><td>৫. ক. দপ্তর প্রধানগন।<br>খ. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br><br>৬. সংশ্লিষ্ট দপ্তর প্রধান।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়</td><td>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর জেলা পর্যায়ে মিটিং থাকায় উপস্থিত থাকতে পারেননি তবে জানিয়েছেন যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং নিয়মিত উঠান বৈঠক চলছে।</td><td>১. নিয়মিত উঠান বৈঠক করাসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর দিনাজপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৩<br>জেলা পরিষদ দিনাজপুর</td><td>জেলা পরিষদের ২ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না।</td><td>১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td><td>সদস্য, জেলা পরিষদ।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৪<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করায় নির্বাচনী প্রচারণায় ব্যস্ত থাকায় তিনি বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. চেয়ারম্যান মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৫<br>কাটলা ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ সভাটি তার শেষ সভা হওয়ায় তিনি সকলের কাছ থেকে বিদায় নেন এবং আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করায় সকলের কাছে দোয়া চেয়ে পুনরায় ফিরে আসার আশাবাদ ব্যক্ত করেন। সুষ্ঠু ,সুন্দর ও নির্বিঘ্নে ভোটাধিকার প্রয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।<br>তিনি আরও জানান যে, গ্রোথ সেন্টারের পিলার হয়েছে। দোকানগুলো উচ্ছেদ না হওয়ায় বালু পরিবহনে সমস্যা হচ্ছে।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদায়ী ফুলেল শুভেচ্ছা জানানো হয়।</td><td>১. চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৬<br>খানপুর ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ সভাটি তার শেষ সভা হওয়ায় তিনি সকলের কাছ থেকে বিদায় নেন এবং আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করায় সকলের কাছে দোয়া চেয়ে পুনরায় ফিরে আসার আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন ইউপির অবস্থা ভাল আছে। কাঁচা রাস্তাগুলো পাকাকরণের অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, খানপুর ইউনিয়নে স্বাধীনতার পর ৩২-৩৩ কিঃমিঃ রাস্তা হয়েছে। এটি জনাব শিবলী সাদিক, মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর- এর অবদান। ৪০ দিনের কর্মসূচি দিয়ে রাস্তা করার প্রত্যয় ব্যক্ত করেন।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদায়ী ফুলেল শুভেচ্ছা জানানো হয়।</td><td>১. চেয়ারম্যান খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর</td></tr>
</table>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৭<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ সভাটি তার শেষ সভা হওয়ায় তিনি সকলের কাছ থেকে বিদায় নেন এবং আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করায় সকলের কাছে দোয়া চেয়ে পুনরায় ফিরে আসার আশাবাদ ব্যক্ত করেন। তিনি উপজেলা সমাজসেবা অফিসার, বিরামপুরকে বিশেষভাবে ধন্যবাদ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদায়ী ফুলেল শুভেচ্ছা জানানো হয়। | ১. চেয়ারম্যান<br>দিওড় ইউনিয়ন পরিষদ<br>বিরামপুর |
| আলোচনাঃ ৩৮<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>বিনাইল ইউনিয়ন<br>পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯<br>জোতবানী<br>ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। এ সভাটি তার শেষ সভা হওয়ায় তিনি সকলের কাছ থেকে বিদায় নেন এবং আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করায় সকলের কাছে দোয়া চেয়ে পুনরায় ফিরে আসার আশাবাদ ব্যক্ত করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার তাদের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলকে শুভকামনা জানিয়ে তিনি উল্লেখ করেন যে, ইউনিয়ন পর্যায়ে ব্যক্তিকে গুরুত্ব দেয়া হয়। সংঘাত এড়িয়ে সুষ্ঠু নির্বাচন করতে তাদের সহযোগিতা কামনা করেন এবং তাদের ফিরে আসার প্রত্যাশা ব্যক্ত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদায়ী ফুলেল শুভেচ্ছা জানানো হয়। | ১. চেয়ারম্যান<br>জোতবানী ইউনিয়ন<br>পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৪০<br>পলিপ্রয়াগপুর<br>ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করায় নির্বাচনী প্রচারণায় ব্যস্ত থাকায় তিনি বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন<br>পরিষদ, বিরামপুর |
| আলোচনাঃ ৪১<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যের মধ্যে মোছাঃ আঞ্জুরা পারভীন উপস্থিত রয়েছেন। ২ জন অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের<br>সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪২<br>ভাইস-চেয়ারম্যান<br>(মহিলা) উপজেলা<br>পরিষদ বিরামপুর। | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর সভায় জানান যে, ১ নভেম্বর ২০২১ তারিখে অপরাজিতা নারীরা মানববন্ধন করবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | অফিসার ইনচার্জ, বিরামপুর থানাকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | ১. অফিসার ইনচার্জ<br>বিরামপুর থানা<br>দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র, বিরামপুর<br>পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভায় সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য/বক্তব্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর<br>পৌরসভা, দিনাজপুর |
| বিবিধ আলোচনাঃ<br>আলোচনাঃ ৪৪ | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, সাব রেজিস্ট্রারের কার্যালয়, বিরামপুরের স্মারক নং-৭০ টিসি শাখা, তারিখঃ ২৮.১০.২০২১ খ্রি. পত্রে ভূমি রেজিস্ট্রেশনের ১% ইউপি ট্যাক্স আদায়কারী টি.সি শাখার ব্যবহারের জন্য একটি সেক্রেটারিয়েট টেবিল ও আনুসাঙ্গীক সামগ্রী সরবরাহ করার জন্য অনুরোধ জানিয়েছেন। সাব রেজিস্ট্রারের কার্যালয়ের টি.সি শাখায় ব্যবহারের জন্য সেক্রেটারিয়েট টেবিল ও অন্যান্য আনুসাঙ্গীক সামগ্রী সরবরাহ করা যাবে এমন কোন নির্দেশনা পাওয়া গেল না। নির্দেশনা না থাকায় উক্ত খাতে অর্থ ব্যয় করা হলে ভবিষ্যতে অডিট আপত্তি হওয়ার সম্ভাবনা রয়েছে। | ইউনিয়ন পরিষদ ম্যানুয়েল ১৯৮৩ তে টি.সি শাখার ব্যবহারের জন্য সেক্রেটারিয়েট টেবিল ও অন্যান্য আনুসাঙ্গীক সামগ্রী সরবরাহের কোন নির্দেশনা না থাকায় অডিট আপত্তিরোধে চাহিদা মোতাবেক সামগ্রী সরবরাহ করা সম্ভব নয় মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সাব রেজিস্ট্রার<br>বিরামপুর, দিনাজপুর। |
| বিবিধ আলোচনাঃ<br>৪৫ | (ক) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, এ কার্যালয়ের ২২.০৯.২০২১ তারিখের ০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৬১.২১-১৫৯১(৪) সংখ্যক স্মারক পত্রে উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিসকক্ষ, উপজেলা প্রকৌশলীর অফিসকক্ষ এবং উপজেলা পরিষদ সভাকক্ষ ইনটেরিয়র ডিজাইনে সজ্জিতকরণের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রশাসনিক অনুমোদনের জন্য প্রাক্কলন প্রেরণ করা হয়। স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখার | ক.১ প্রস্তাবিত প্রকল্পের অনুকূলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিসকক্ষ সজ্জিতকরণের জন্য ৪,৪২,০০০/- টাকা, উপজেলা প্রকৌশলীর অফিসকক্ষের জন্য ২,০০,০০০/- টাকা এবং উপজেলা পরিষদ সভাকক্ষের জন্য ৩,৫০,০০০/- টাকাসহ সর্বমোট= (৪,৪২,০০০+২,০০,০০০/- ৩,৫০,০০০)=৯,৯২,০০০/-টাকা | ১. উপজেলা নির্বাহী<br>অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| <u>বিবিধ আলোচনাঃ ৪৫</u> | স্মারকনং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.০১১.১৫.১৭৬,তারিখঃ২৫.১০.২০২১খ্রি. পত্রে প্রাক্কলন প্রস্তুতকরণ, উপজেলা পরিষদের মাসিক সভায় প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত (মূল্য উল্লেখসহ), নির্বাহী প্রকৌশলীর কারিগরি প্রতিবেদন এবং উপজেলা পরিষদের ব্যাংক বিবরণীসহ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক চাহিদা মোতাবেক জরুরীভিত্তিতে প্রস্তাব প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | (নয়লক্ষ বিরানব্বইহাজার)) টাকা মাত্র প্রশাসনিক ব্যয় অনুমোদনের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক.২ প্রাক্কলন প্রস্তুত ও নির্বাহী প্রকৌশলীর কারিগরি প্রতিবেদন সংগ্রহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হলো।<br>ক.৩ চাহিদা মোতাবেক অন্যান্য তথ্য সংগ্রহ করে জরুরীভিত্তিতে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ২. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর। |
| | (খ) উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের টয়লেটের সেফটি ট্যাংকি ও ইন্সপেশন পিট এবং উপজেলা পরিষদের কোয়ার্টার নং-গ ১ ও ২ ইউনিটের সেফটি ট্যাংক ও সোকওয়েল জরুরীভিত্তিতে পরিস্কারসহ মেরামত করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ২৪,২০০/-(চব্বিশ হাজার দুই শত) টাকা মাত্র। তিনি এ ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে মিটানোর প্রস্তাব করেন।<br>(গ) উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় আরও জানান যে, গেজেটেড ও নন-গেজেটেড কোয়ার্টার নং-গ বাসায় নতুন ২টি সাব-মার্সিবল পানির পাম্প জরুরী ভিত্তিতে স্থাপন করা প্রয়োজন। এতে সম্ভাব্য ব্যয় হতে পারে ১,০২,০০০/-(একলক্ষ দুইহাজার) টাকা।<br><u>**প্রকল্পের নামঃ**</u> উপজেলা পরিষদ গেজেটেড ও নন-গেজেটেড কোয়ার্টার নং-গ-তে ২টি সাব-মার্সিবল পানির পাম্প স্থাপনকরণ প্রকল্প।<br>তিনি প্রকল্পটি বাস্তবায়নের জন্য নিম্নভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের প্রস্তাব করেন। <u>প্রস্তাবিত কমিটি নিম্নরূপঃ</u><br>১. মোঃ রহমত আলী,চেয়ারম্যান,পলিপ্রয়াগপুর ইউপি,বিরামপুর-সভাপতি<br>২. মোঃ আব্দুর রাজ্জাক,চেয়ারম্যান,জোতবানী ইউপি,বিরামপুর-সেক্রেটারী<br>৩. মোঃ আব্দুস হালিম সরকার,সদস্য, মুকুন্দপুর ইউপি, বিরামপুর-সদস্য<br>৪. মোঃ মোজাম্মেল হক,সদস্য, পলিপ্রয়াগপুর ইউপি, বিরামপুর-সদস্য<br>৫. মোছাঃ ফাহমিদা, সদস্যা, কাটলা ইউপি, বিরামপুর-সদস্য<br>(ঘ) তিনি আরও জানান যে, জরুরীভিত্তিতে উপজেলা পরিষদ অডিটরিয়ামের ছাদে প্যাটানস্টোন ও প্লাস্টার করা প্রয়োজন। উক্ত কাজের সম্ভাব্য ব্যয় ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা হতে পারে।<br><u>**প্রকল্পের নামঃ**</u> উপজেলা পরিষদ অডিটরিয়ামের ছাদের প্যাটানস্টোন ও প্লাস্টারকরণ প্রকল্প। প্রকল্পটি বাস্তবায়নের জন্য নিম্নভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের প্রস্তাব করেন। <u>প্রস্তাবিত কমিটি নিম্নরূপঃ</u><br>১. মোঃ আব্দুর রাজ্জাক,চেয়ারম্যান,জোতবানী ইউপি,বিরামপুর-সভাপতি<br>২.মোঃ রহমত আলী,চেয়ারম্যান,পলিপ্রয়াগপুর ইউপি,বিরামপুর-সেক্রেটারী<br>৩. মোঃ সাজেদুর রহমান,সদস্য, মুকুন্দপুর ইউপি, বিরামপুর-সদস্য<br>৪. মোছাঃ মর্জিনা বেগম,সদস্যা, জোতবানী ইউপি, বিরামপুর-সদস্য<br>৫. মোঃ মশিউর রহমান, সদস্য, পলিপ্রয়াগপুর, ইউপি, বিরামপুর-সদস্য | (খ) বর্ণিত কাজের ব্যয় বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৪,২০০/-(চব্বিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা মাত্র পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) প্রস্তাবিত প্রকল্পের অনুকূলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০২,০০০/- (একলক্ষ দুইহাজার) টাকা বরাদ্দ প্রদান ও প্রস্তাবিত কমিটি অনুমোদ করা হলো।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হলো।<br>(ঘ) প্রস্তাবিত প্রকল্পের অনুকূলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা বরাদ্দ প্রদান ও প্রস্তাবিত কমিটি অনুমোদ করা হলো।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হলো। | ৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বিরামপুর। |

৪৭. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**সেপ্টেম্বর/২০২১ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া প্রদান এবং<br>জুলাই-সেপ্টেম্বর/২০২১ মাসের ভ্রমণভাতা প্রদান | =৪৫,০০০/-<br>=২৪,৩৭৫/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা প্রদান এবং<br>জুলাই-সেপ্টেম্বর/২০২১ মাসের ভ্রমণভাতা প্রদান | =৫৪,০০০/-<br>=৩৯,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের সেপ্টেম্বর/২০২১ মাসের ২৯ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান।<br>( ১৫,৯৫০+১৫৯৫০=৩০,৮০০/-) | =৩১,৯০০/- |
| ০৪ | সেপ্টেম্বর/২০২১ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | সেপ্টেম্বর/২০২১ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | সেপ্টেম্বর/২০২১ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =৩৫,৫৭১/- |
| ০৭ | কম্পিউটারের যন্ত্রাংশ ক্রয়, প্রতিস্থাপন ও মেরামত বাবদ প্রদান (ভ্যাট ও আয়করসহ) | =৫০,০০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সতর্কতাস্বরুপ স্বাস্থ্যবিধি মেনে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে সকলকে মাস্ক ব্যবহার করে নিরাপদে থাকার লক্ষ্যে পুনরায় অনুরোধ জানিয়ে সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২১.১৭৬৮/১(৫০) তারিখঃ ৩১.১০.২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-১১ দিনাজপুর-৬।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব .............................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর
০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৯. উপজেলা.............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১১. জনাব .............................................................. মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

৩১.১০.২১

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd